অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/2/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটের 16টি প্রজেক্টকে সমর্থনের জন্য বাড়তি প্রায় 21 মিলিয়ন মার্কিন ডলার NY SWIMS তহবিল ঘোষণা করলেন

ট্রয়ে NY SWIMS-এর সমর্থিত নতুন Knickerbacker Park Aquatic Center-এর উদ্বোধন উদযাপন করলেন

প্রোগ্রামটি এখন পর্যন্ত নিউ ইয়র্ক স্টেটের প্রতিটি অঞ্চলের 79টি প্রজেক্টে প্রায় 260 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেন যে, New York Statewide Investment in More Swimming (NY SWIMS) উদ্যোগের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটের (New York State) নিরাপদ, আধুনিক সাঁতারের সুবিধার অ্যাক্সেস বাড়ানোর 16টি প্রজেক্টে আরো প্রায় 21 মিলিয়ন মার্কিন ডলার তহবিল প্রদান করা হবে। এই তহবিলের অধিকাংশ, 12.2 মিলিয়ন মার্কিন ডলার, সুবিধাবঞ্চিত কমিউনিটির প্রজেক্টকে সমর্থন করবে যাতে অনেক দিন ধরে সীমিত বিকল্পের এলাকাগুলিতে নিরাপদ এবং নির্ভরযোগ্য সরকারি সাঁতারের ব্যবস্থার অ্যাক্সেস বাড়ানো যায়।

আজকের এই বরাদ্দের মাধ্যমে, NY SWIMS এখন নিউ ইয়র্ক স্টেটের প্রতিটি অঞ্চলের 79টি প্রজেক্টে প্রায় 260 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে, যা New Deal-এর পর থেকে জনসাধারণের সাঁতারের অবকাঠামোয় সব থেকে বড় বিনিয়োগ। এই প্রকল্পগুলো বিনোদন অবকাঠামোর দীর্ঘদিনের ঘাটতি মোকাবিলায় সহায়তা করবে এবং পানিতে নিরাপত্তা শিক্ষা, যুব কর্মসূচি ও উষ্ণ আবহাওয়ায় খোলা পরিবেশে কার্যক্রমের সুযোগ বৃদ্ধি করবে। NY SWIMS-এর বিনিয়োগের ফলে আনুমানিক 2.5 মিলিয়ন নিউ ইয়র্কবাসী নিরাপদ সাঁতার এবং স্বাস্থ্যকর বিনোদনমূলক সুযোগের উন্নত অ্যাক্সেস দিয়ে লাভবান হবেন।

"প্রত্যেক নিউ ইয়র্কবাসীর নিরাপদ, আধুনিক এমন স্থান ব্যবহারের সুযোগ পাওয়া উচিত যেখানে পরিবারগুলি ঠাণ্ডা হতে পারবে, শিশুরা সাঁতার শিখতে পারবে এবং কমিউনিটিগুলি একত্রিত হতে পারবে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আজকের এই বিনিয়োগগুলি আরো বেশি কমিউনিটিকে জনসাধারণের সাঁতারের সুবিধা নির্মাণ ও উন্নত করতে সহায় করবে এবং একই সাথে বিনোদন, পানিতে নিরাপত্তা এবং আরো স্বাস্থ্যকর জীবনযাপনের জন্য নতুন সুযোগ সৃষ্টি করবে। একসাথে এই প্রজেক্টগুলি নিউ ইয়র্কের কমিউনিটিগুলিকে আরো শক্তিশালী করবে এবং আরো বেশি পরিবারের জন্য আগামী অনেক প্রজন্ম ধরে নিরাপদ সাঁতারের স্থানের অ্যাক্সেস নিশ্চিত করবে।"

অতিরিক্ত NY SWIMS তহবিলের প্রাপক

রাজধানী অঞ্চল

- Golub Family Campus-এ Robert and Dorothy Ludwig JCC of Schenectady - Yulman Indoor Pool: সর্বোচ্চ 1.7 মিলিয়ন মার্কিন ডলার

Long Island

- ব্যাবিলন গ্রাম (Village of Babylon) - Gilbert C. Hanse Memorial Pool: সর্বোচ্চ 400,000 মার্কিন ডলার

Mid-Hudson

- New Rochelle YMCA Pool: সর্বোচ্চ 310,578 মার্কিন ডলার
- Julia Dyckman Andrus Memorial - McGee Hall Aquatic Center: সর্বোচ্চ 520,448 মার্কিন ডলার
- টম্পসন টাউন (Town of Thompson) - Thompson Town Park: সর্বোচ্চ 2.2 মিলিয়ন মার্কিন ডলার

মোহক ভ্যালি

- মিডলবার্গ গ্রাম (Village of Middleburgh) - Middleburgh Community Swimming Pool: সর্বোচ্চ 1.2 মিলিয়ন মার্কিন ডলার
- The Utica Center for Development - Utica Community Center Indoor Pool: সর্বোচ্চ 3.0 মিলিয়ন মার্কিন ডলার

New York City

- Kips Bay Boys & Girls Club - Lucile Palmaro Clubhouse Aquatics Center: সর্বোচ্চ 2.5 মিলিয়ন মার্কিন ডলার
- Commonpoint NY - Bronx Center Pool: সর্বোচ্চ 981,000 মার্কিন ডলার
- New Settlement Community Campus Corp. - New Settlement Community Campus Pool: সর্বোচ্চ 250,000 মার্কিন ডলার
- Educational Alliance - 14th Street Y: সর্বোচ্চ 250,000 মার্কিন ডলার

North Country

- ওয়াটারটাউনের (Watertown) YMCA - Downtown Y Aquatic Center: সর্বোচ্চ 400,000 মার্কিন ডলার

Southern Tier

- Children's Home of Wyoming Conference - Southern Tier Community Center Aquatics Facility: সর্বোচ্চ 2.8 মিলিয়ন মার্কিন ডলার
- ডেলহি টাউন (Town of Delhi) - West Branch Recreation and Aquatics Center: সর্বোচ্চ 252,182 মার্কিন ডলার

ওয়েস্টার্ন নিউ ইয়র্ক

- টোনাওয়ান্ডা টাউন (Town of Tonawanda) Kenmore Pool: সর্বোচ্চ 1.2 মিলিয়ন মার্কিন ডলার
- বাফেলো নায়াগ্রার (Buffalo Niagara) YMCA - Camp Swan: সর্বোচ্চ 2.8 মিলিয়ন মার্কিন ডলার

NY SWIMS-এর বিনিয়োগে ট্রয়ে (Troy) নতুন অ্যাকোয়াটিক সেন্টার নির্মিত

আজকের এই ঘোষণা এমন সময় এসেছে যখন ট্রয় সিটি 2026 সালের পুল মৌসুমের উদ্বোধনের অংশ হিসেবে শহরের ল্যান্সিংবার্গ (Lansingburgh) এলাকায় নতুন Knickerbacker Park Aquatic Center-এর উদ্বোধন উদযাপন করছে।

5.8 মিলিয়ন মার্কিন ডলারের NY SWIMS তহবিল এবং অতিরিক্ত স্থানীয় বিনিয়োগের সমর্থন, 7.3 মিলিয়ন মার্কিন ডলারের Knickerbacker Park প্রজেক্টটি 2016 সালে বন্ধ হয়ে যাওয়া এলাকার সুইমিং পুলের পরিবর্তে একটি আধুনিক অ্যাকোয়াটিক সেন্টার নির্মাণ করেছে যেখানে 7,500 বর্গফুটের একটি প্রধান সুইমিং পুল, একটি স্প্ল্যাশ প্যাড এবং এবং 3,800 বর্গফুটের একটি বাথহাউজ আছে।

সব বয়স ও সক্ষমতার বাসিন্দাদের ব্যবহারের উপযোগী করে নকশা করা এই স্থাপনাটিতে Americans with Disabilities Act (ADA) অনুযায়ী নির্মিত একটি প্রধান সুইমিং পুল রয়েছে যেখানে পানিতে প্রবেশের সুবিধাজনক ব্যবস্থা হিসেবে ধীরে ধীরে পানিতে নামার র‍্যাম্প আছে। সিটি আশা করছে যে প্রতি গ্রীষ্মে এখানে 12,000 থেকে 14,000 দর্শনার্থীকে স্বাগত জানানো হবে।

অ্যাকোয়াটিক সেন্টার বিনামূল্যের হবে, এবং কোনো দৈনিক ফি বা সদস্যপদের প্রয়োজন হবে না। Boys & Girls Club of the Capital Area-এর সাথে পার্টনারশিপে সিটি এছাড়াও শিশুদের

আজীবনের সাঁতার শেখার দক্ষতা প্রদান করতে বিনামূল্যে সাঁতার শেখানো এবং পানিতে নিরাপত্তা বিষয়ক প্রোগ্রামও পরিচালনা করবে।

ডর্মিটরি অথোরিটি অফ দ্য স্টেট অফ নিউ ইয়র্কের (Dormitory Authority of the State of New York, DASNY) প্রেসিডেন্ট ও CEO Robert J. Rodriguez (রবার্ট জে রড্রিগেজ) বলেন, "প্রতিটি NY SWIMS প্রজেক্ট হলো আরো স্বাস্থ্যকর, আরো শক্তিশালী কমিউনিটির জন্য বিনিয়োগ। গভর্নর Hochul (হোকল) বুঝেন যে জনসাধারণের অবকাঠামো শুধু ভবন নির্মাণ না, এর উদ্দেশ্য এমন স্থান তৈরি করা যেখানে পরিবারগুলি একত্রিত হবে, শিশুরা সাঁতার শেখার মাধ্যমে আত্মবিশ্বাস অর্জন করবে এবং প্রতিবেশীরা একে অন্যের সাথে একত্রিত হবেন। আজকের অতিরিক্ত তহবিল প্রদান থেকে শুরু করে ট্রয়ের Knickerbacker Park Aquatic Center-এর উদ্বোধন পর্যন্ত, আমরা নিউ ইয়র্কে সেই লক্ষ্য বাস্তবে রূপ নিতে দেখছি। DASNY প্রজন্মের পর প্রজন্ম ধরে মানুষের জীবনমান উন্নত করবে এমন প্রজেক্ট বাস্তবায়নে পুরো স্টেটের কমিউনিটিগুলির সাথে পার্টনারশিপ করতে পেরে গর্বিত।"

ট্রয় সিটির মেয়র Carmella R. Mantello (কার্মেলা আর ম্যান্টেলো) বলেন, "এটি ল্যান্সিংবার্গ এবং পুরো ট্রয় সিটির জন্য একটি অসাধারণ সাফল্য। এই বিনিয়োগ আমাদের সব থেকে গুরুত্বপূর্ণ বাণিজ্যিক করিডরগুলির একটিকে আরো শক্তিশালী করতে, ক্ষুদ্র ব্যবসাকে সমর্থন করতে এবং আমাদের এলাকাগুলিতে আমরা যে পুনরুজ্জীবনের গতি দেখছি তা আরো অগ্রসর করতে সাহায্য করবে। ট্রয়ের প্রতি গভর্নর Kathy Hochul-এর (ক্যাথি হোকল) ধারাবাহিক প্রতিশ্রুতি এবং ল্যান্সিংবার্গের অসাধারণ সম্ভাবনাকে স্বীকৃতি দেওয়ার জন্য আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি। এক সাথে আমরা ব্যবসার বিকাশ, বিনিয়োগ আকৃষ্ট করা, এবং আমাদের কমিউনিটির জন্য আরো শক্তিশালী ভবিষ্যৎ নিশ্চিত করার নতুন সুযোগ তৈরি করছি।"

ট্রয় সিটির ডেপুটি মেয়র Seamus Donnelly (শেমাস ডোনেলি) বলেন, "এই তহবিল ল্যান্সিংবার্গের জন্য আমাদের লম্বা সময়ের পরিকল্পনা বাস্তবায়নের পথে আরেকটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। আমাদের ঐতিহাসিক বিজনেস ডিস্ট্রিক্টে বিনিয়োগের মাধ্যমে আমরা সম্পত্তির মালিক এবং উদ্যোক্তাদের দোকানঘর নতুন করা, এলাকার ঐতিহাসিক চরিত্রে সংরক্ষণ করা, এবং নতুন অর্থনৈতিক কার্যক্রম আকৃষ্ট করার জন্য প্রয়োজনীয় সংস্থান প্রদান করছি। নিউ ইয়র্ক স্টেটের সাথে আমাদের পার্টনারশিপের জন্য আমরা কৃতজ্ঞ এবং ল্যান্সিংবার্গে ইতিমধ্যে শুরু হওয়া অগ্রগতিকে আরো অগ্রসর করার জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছি।"

ট্রয় সিটি কাউন্সিলের (City of Troy Council) প্রেসিডেন্ট Sue Steele (স্যু স্টিল) বলেন, "ট্রয়ের পরিবারগুলির জন্য এই অত্যাধুনিক অ্যাকোয়াটিক সেন্টার নির্মাণে প্রশাসনের সাথে পার্টনারশিপ করতে পেরে ট্রয় সিটি কাউন্সিল গর্বিত। এটি সম্ভব করতে স্টেটের তহবিল প্রদানের জন্য আমরা বিশেষভাবে গভর্নর Hochul-এর (হোকল) প্রতি কৃতজ্ঞ।"

ট্রয় সিটির কাউন্সিলের সদস্য Phil DiLorenzo (ফিল ডিলরেঞ্জো) বলেন, "নতুন Knickerbacker Park Aquatic Center-এর উদ্বোধন হলো নিউ ইয়র্ক স্টেট, ট্রয় সিটি, Knickerbacker Park-এর বোর্ড এবং এই প্রজেক্টে আস্থা রাখা অনেক কমিউনিটির সদস্যের বহু বছরের সহযোগিতার ফল। আমার এখনো প্রাথমিক পরিকল্পনা পর্যালোচনা করা এবং এই দিনটি

কেমন হবে তা কল্পনা করার কথা মনে আছে, তাই বহু বছরের কঠোর পরিশ্রমের পর এটিকে বাস্তবে পরিণত হতে দেখা অনেক বেশি আনন্দের একটি ব্যাপার। যদিও আমরা একটি সুন্দর নতুন পুল এবং স্প্ল্যাশ প্যাডের উদ্বোধন উদযাপন করছি, তবে এটি আমাদের কমিউনিটির জন্য কী অর্থ বহন করবে তা ভেবে আমি সব থেকে বেশি খুশি হচ্ছি। আগামী বহু বছর ধরে পরিবারগুলি এখানে একত্রিত হবে, আমাদের শিশুরা এখানে সাঁতার শিখবে, এবং ল্যান্সিংবার্গের বাসিন্দাদের নতুন একটি প্রজন্ম Knickerbacker Park-এ স্মৃতি তৈরি করবে। এমন একটি বিনিয়োগ অবশ্যই উদযাপনের যোগ্য।"

ট্রয় সিটি কাউন্সিলের সদস্য Shikole Struber (শিকোল স্ট্রুবার) বলেন, "Knickerbacker Aquatic Center হলো ল্যান্সিংবার্গ এবং এর বাইরের পরিবারগুলির জন্য একটি বিশাল সুযোগ। এই অর্থায়ন লাইফগার্ডের চাকরি তৈরি করে, প্রয়োজন আছে এমন মানুষকে সাঁতার শিক্ষা দিয়ে, এবং গরমে ঠাণ্ডা হওয়ার সুযোগ দিয়ে ট্রয়ের বাসিন্দাদের সরাসরি সমর্থন করছে। গভর্নর Hochul (হোকল), Knick বোর্ড, ট্রয় সিটি এবং এটি সম্ভব করতে কঠোর পরিশ্রম করা কমিউনিটির সকল সদস্যদের ধন্যবাদ!"

NY SWIMS নিউ ইয়র্ক স্টেটের মিউনিসিপ্যালিটি এবং ননপ্রফিট সংস্থাগুলিকে জনসাধারণের সাঁতারের স্থাপনার নকশা, নির্মাণ, সংস্কার ও আধুনিকায়নে সাহায্য করে। এই উদ্যোগ এমন প্রজেক্টকে সমর্থন করে যা জনস্বাস্থ্যকে উন্নত করে, , বিনোদনের সুযোগ সম্প্রসারণ করে, পানিতে নিরাপত্তা বাড়ায় এবং কমিউনিটিগুলির জন্য নিরাপদ, আধুনিক সাঁতারের স্থানের অ্যাক্সেস নিশ্চিত করে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন